বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৫১

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ / ৩০ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: বিএসইসি'র উদ্যোগে আয়োজিত 'আর্থিক জ্ঞান বিষয়ক শর্ট ভিডিও প্রতিযোগিতা'র আবেদনের সময়সীমা বৃদ্ধি প্রসঙ্গে।**

জুলাই-আগস্ট বিপ্লবে আত্মাহুতি দানকারী ছাত্র-জনতার স্মরণে ও সমৃদ্ধ পুঁজিবাজার বিনির্মাণে বাংলাদেশের যেকোন শিক্ষাপ্রতিষ্ঠানের স্নাতক ও স্নাতকোত্তর স্তরে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের নিয়ে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আয়োজিত সুস্থ পুঁজিবাজার ও সমৃদ্ধ অর্থনীতি, পুঁজিবাজারে ঝুঁকি কমাতে এবং সচেতনতা বাড়াতে আর্থিক জ্ঞান বিষয়ক একটি শর্ট ভিডিও (১-২ মিনিট) প্রতিযোগিতা গত ০১ জুলাই ২০২৫ তারিখে শুরু হয়েছে।

প্রতিযোগিতার ভিডিও জমা দেওয়ার শেষ তারিখ ছিল ৩০ জুলাই ২০২৫।

প্রতিযোগিতায় ইতোমধ্যে রেজিস্ট্রেশন সম্পন্নকারী টিমসমূহের অনুরোধের প্রেক্ষিতে ও প্রতিযোগিতায় অংশগ্রহণ আরও ব্যাপকভাবে বৃদ্ধির জন্য কমিশনের সিদ্ধান্ত মোতাবেক প্রতিযোগিতার ভিডিও জমা দেওয়ার শেষ তারিখ ০১ (এক) মাস বৃদ্ধি করে আগামী ৩০ আগস্ট ২০২৫ নির্ধারণ করা হয়েছে। উক্ত সময়ের মধ্যে নতুন রেজিস্ট্রেশন করা এবং ভিডিও জমা দেওয়া যাবে।

**প্রতিযোগিতার ভিডিও জমা দেওয়ার পরিবর্তিত শেষ তারিখঃ ৩০ আগস্ট ২০২৫ ইং।**

বিস্তারিত জানতে প্রতিযোগিতার লিংক এ ক্লিক করুনঃ **http://finlitbd.com/bn/video-competition.php**

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

মো. মোহাইমিনুল হক
সহকারী পরিচালক ও সহকারী মুখপাত্র